ভোরের কাগজ

11

তারিখ ... OCT. ... 1999 ...
পৃষ্ঠা ... কলাম ...

# পাংশা আইডিয়াল গার্লস কলেজের যাত্রা শুরু

জনপদ ডেস্ক : সম্প্রতি রাজবাড়ী জেলার পাংশা পৌরসভার কেন্দ্রস্থলে স্থানীয় জাতীয় সংসদ সদস্য মোঃ জিল্লুল হাকিম ও পৌর চেয়ারম্যান ওয়াজেদ আলীর পৃষ্ঠপোষকতা এবং বিদ্যোৎসাহী জনগণের উদ্যোগে নারী শিক্ষার উন্নয়ন ও প্রসারের লক্ষ্যে 'আইডিয়াল গার্লস কলেজ' নামে একটি মহিলা কলেজ প্রতিষ্ঠিত হয়েছে। জেলা প্রশাসনের সক্রিয় সহযোগিতায় স্থানীয় পরিত্যক্ত দাতব্য চিকিৎসালয় ভবনটি সংস্কার করে সেখানে পাংশার বিশিষ্ট সমাজসেবী ও শিক্ষাব্রতী অধ্যাপক আবদুল ওয়াহাব কলেজটিকে মজবুত ভিত্তির ওপর প্রতিষ্ঠা করার চেষ্টা করছেন।

কলেজটির স্থান সংকুলানের জন্য সাংবাদিক ও শিশু সাহিত্যিক রোকনুজ্জামান খান (দাদা ভাই) এক একর দশ শতাংশ জমি দান করেছেন। আরো ৮২ শতাংশ খাস জমি কলেজের অনুকূলে স্থায়ী বন্দোবস্ত দান ভূমি মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন আছে বলে জানা গেছে। জেলা প্রশাসন প্রদত্ত মূল ভবনের পাশে পৌরসভা কর্তৃক বন্দোবস্ত দেওয়া জমিতে স্থানীয় অবসরপ্রাপ্ত শিক্ষক বাবু পরিমল কুমার দে তার প্রয়াত পিতামাতার স্মৃতি রক্ষার্থে ৬০×২৭ ভিত্তিতসহ 'সুশীলা সুন্দরী ফনিভূষণ বিজ্ঞান ভবন' এবং স্থানীয় ব্যবসায়ী মোঃ শামসুল আলম ৭২×২৭ শাফিনা-আলম কলা ভবন' প্রতিষ্ঠা করছেন। আগামী ডিসেম্বরেই এগুলোর নির্মাণ কাজ সমাপ্ত হবে বলে আশা করা হচ্ছে। বিদ্যোৎসাহী অনেকেই ইতিমধ্যে বিজ্ঞান শিক্ষার সরঞ্জামাদি, বইপুস্তক এবং আসবাবপত্র দান করেছেন। কলেজটিতে চলতি শিক্ষাবর্ষে বিজ্ঞান, বাণিজ্য ও মানবিক বিভাগে শতাধিক ছাত্রী ভর্তি হয়েছে।

বাংলাদেশের প্রধান নির্বাচন কমিশনার মোঃ আবু হেনা কলেজটি পরিদর্শন করে এর অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেছেন। কলেজটি বর্তমানে ঢাকা বোর্ডের অনুমতির অপেক্ষায় আছে। কলেজের অধ্যক্ষ আবদুল ওয়াহাব কলেজটির উন্নয়ন ও অগ্রগতির জন্য বিদ্যোৎসাহী সকলের সাহায্য ও সহযোগিতা কামনা করছেন।